

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫২

আগরতলা, ১২ মে, ২০২৪

আন্তর্জাতিক সেবিকা দিবস উদযাপন

আইজিএম হাসপাতালে সরকারি নার্সিং কলেজের অডিটোরিয়ামে আজ আন্তর্জাতিক সেবিকা দিবস পালন করা হয়। আগরতলা সরকারি নার্সিং মহাবিদ্যালয় এই অনুষ্ঠানের আয়োজন করে। মুমূর্ষ রোগী ও আর্তের সেবার মূর্ত প্রতীক ফ্লোরেন্স নাইটিঙ্গেলের ২০৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে এই দিনটি উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন আগরতলা সরকারি নার্সিং কলেজের অধ্যক্ষা ডা. মৈত্রী চৌধুরী। অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি বলেন, এ বছরের আন্তর্জাতিক সেবিকা দিবসের মূল ভাবনা হলো, ‘আমাদের সেবিকা। আমাদের ভবিষ্যৎ। সেবাই মূলশক্তি।’ তিনি আরও বলেন, ফ্লোরেন্স নাইটিঙ্গেল আর্তের সেবায় নিজের জীবন উৎসর্গ করেছিলেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আইএলএস নার্সিং কলেজের অধ্যক্ষা স্বপ্না চক্রবর্তী এবং আগরতলা সরকারি নার্সিং কলেজের সহকারি অধ্যাপিকা দেবী চক্রবর্তী। অনুষ্ঠানে ফ্যাকাল্টি, নার্সিং পড়ুয়া ছাত্রী ছাড়াও শান্তিরবাজার এএনএম ট্রেনিং ইনস্টিটিউটের অধ্যক্ষা গোপা দত্ত উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ ফ্লোরেন্স নাইটিঙ্গেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। অনুষ্ঠানে নার্সিং কলেজের ছাত্রীরা বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। আন্তর্জাতিক সেবিকা দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠানে বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবার আয়োজন করা হয়। এতে প্রায় ১০০ জন স্বাস্থ্য পরিষেবার সুযোগ গ্রহণ করেন। ধন্যবাদজ্ঞাপন করেন আগরতলা সরকারি নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল অলক সাহা।
